

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬ আগারগাঁও^৩
শেরে বাংলা নগর, ঢাকা - ১২০৭

নং- পরিবেশ/কারি(মন্ত্রিল প্রটোল)-৩৫/৯৬(১৫তম)/৮৭০

১২/০২/১৪২৩ বাং

তারিখ -----

২৬/০৫/২০১৬ ইং


গণবিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মন্ত্রিল প্রটোকল স্বাক্ষরকারী দেশ এবং প্রটোকলের বাধ্যবাধকতা অনুযায়ী ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের আমদানি ও ব্যবহার নিয়ন্ত্রণ করছে। এতদ্রুদেশ্যে সরকার ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০১৪) জারি করেছে।

উক্ত বিধিমালা অনুযায়ী ১লা জানুয়ারি ২০১০ হতে ক্লোরোফ্লোরোকার্বন (সিএফসি), কার্বন টেট্রাক্লোরাইড (সিটিসি), মিথাইল ক্লোরোফরম, মিথাইল ব্রোমাইড এবং ১লা জানুয়ারি ২০১৩ হতে তাপ অপরিবাহী (ইনস্যুলেশন) ফোম উৎপাদনের ক্ষেত্রে ব্যবহৃত এইচসিএফসি-১৪১বি আমদানি, রপ্তানি ও বিপণন সম্পূর্ণভাবে নিষিদ্ধ ও দণ্ডনীয়। তাই উক্ত ওজোনস্তর ক্ষয়কারী রাসায়নিকসমূহ অথবা এদের মিশ্রন যে সকল ক্ষেত্রে এখনও ব্যবহৃত হচ্ছে সে সকল ক্ষেত্রে বিকল্প প্রযুক্তি গ্রহণের জন্য অনুরোধ করা হল। বাজারে অবৈধভাবে আনা অথবা নকল সিএফসি-১২ রিফ্রিজারেন্ট পাওয়া গেলে আইন অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

উক্ত প্রটোকলের আওতায় সরকার বর্তমানে হাইড্রোক্লোরোফ্লোরোকার্বন (এইচসিএফসি)-এর আমদানি ও ব্যবহার নিয়ন্ত্রণ করছে। সরকার পরিবেশবান্ধব ও জ্বালানী সাধারণী টেকসই প্রযুক্তির নীতি গ্রহণ করছে। ওজোনস্তর ক্ষয়কারী ও বৈষ্ণিক উষ্ণতা বৃদ্ধি করতে সক্ষম এমন দ্রব্যের আমদানি ও ব্যবহার পর্যায়ক্রমে নিষিদ্ধ করা হবে। তাই, রিফ্রিজারেশন এবং গৃহস্থালী, বাণিজ্যিক ও শিল্পে ব্যবহৃত শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ক্রয়ের সময় যন্ত্রটি পরিবেশবান্ধব ও জ্বালানী সাধারণী কি না তা জেনে ক্রয় করার জন্য অনুরোধ জানান হল।

বিস্তারিত তথ্যের জন্য পরিবেশ অধিদপ্তরের ওজোন সেল (রুম নং ৫০৫, ফোনঃ ৮১৮১৮০১)-এ যোগাযোগ করা যেতে পারে।


মোঃ রহিমউল আলম খন
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর
ফোন ৮১৮১৮০০